দৈনিক
ইনকিলাব

তারিখ ... 0 3 FEB 2015
পৃষ্ঠা: ...

# ছাত্র রাজনীতিতে মেধাবী নেতৃত্বসহ লেজুরবৃত্তির অবসান ঘটাতে হবে

## -ফ্রন্ট ও ছাত্রসেনার নেতৃবৃন্দ

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ ইসলামী ছাত্রসেনার কেন্দ্রীয় পরিষদের সহগামী সম্মেলন ও কাউন্সিলে ২০১৫-১৬ সেশনের জন্য নূরুল হক চিশতী সভাপতি ও সৈয়দ গোলাম কিবরিয়া সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে দিনব্যাপী অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি ছিলেন ফ্রন্টের কেন্দ্রীয় যুগ্ম-মহাসচিব স উ ম সামাদ। প্রধান বক্তা ছিলেন যুবনেতা অধ্যাপক এম এ মোমেন। বিশেষ অতিথি ছিলেন মহানগর সাধারণ সম্পাদক মো. আবদুল হাকিম। আরো উপস্থিত ছিলেন গোলাম মাহমুদ ভূইয়া মানিক, সৈয়দ মোহাম্মদ আবু আজম আক্তার হোসাইন চৌধুরী ও আবু নাসের মুসা।

সহগামী সম্মেলনে ও কাউন্সিলে প্রধান অতিথি বলেন, ছাত্র রাজনীতির প্রতি জাতির আস্থা পুনরুদ্ধারে হক ও মেধাবী নেতৃত্ব প্রতিষ্ঠা করতে হবে। ছাত্র-রাজনীতিকে "লেজুরবৃত্তির পরিবর্তে আত্মনির্ভরশীল করে তুলতে হবে।

### মানববন্ধন অনুষ্ঠিত

ইসলামী ছাত্রসেনার অপর অংশের উদ্যোগে জাতীয় প্রেসক্লাবের সামনে অনুষ্ঠিত মানববন্ধন কর্মসূচিতে নেতৃবৃন্দ বলেন, শিক্ষাঙ্গন এবং পরীক্ষাকে অবশ্যই রাজনৈতিক কর্মসূচির বাইরে রাখতে হবে। তারা বলেন, পরীক্ষার প্রশ্ন ফাঁসের সাথে জড়িত জঘন্য অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। আর এক্ষেত্রে কিছু কিছু কোচিং সেন্টারের উপর গোয়েন্দা নজরদারি বাড়াতে হবে আর নজর রাখতে হবে প্রশ্নপত্র প্রণয়ন এবং ছাপার সাথে সম্পৃক্তদের উপর। মানববন্ধনে সভাপতিত্ব করেন মহানগর সভাপতি সৈয়দ আবু সায়ীদ শাফিন। বক্তব্য রাখেন ফ্রন্ট নেতা খাজা আরিফুর রহমান তাহেরী। এ্যাডভোকেট জাহাঙ্গীর আলম রিজভী, আল্লামা মোশাররফ হোসেন হেলালী, থানার মহানগর সেক্রেটারি শেখ ফরিদ মজুমদার, এ্যাডভোকেট শেখ শাহেদুল আলম রিজভীসহ ছাত্রসেনার কেন্দ্রীয় ও মহানগর নেতৃবৃন্দ। মানববন্ধনে বক্তাগণ বলেন, দেশে সুষ্ঠু রাজনীতি প্রতিষ্ঠায় ২ জোটকে আরো সহনশীল হয়ে হিংসা ত্যাগ করতে হবে।